অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.bppa.gov.bd

স্মারক নং: ২১.০০.০০০০.০০০.৩৯৮.২৭.০১২৯.২৬-৯২২ তারিখ: ১৫/১০/২০২৬ খ্রি.

বিষয়: **স্বাস্থ্য অধিদপ্তরের অধীন Superintendent, Gaibandha District Hospital, Gaibandha কর্তৃক আহ্বানকৃত Various Linen Items Washing & Ironing for Admitted Patients in the FY 2026-2027 at General Hospital Gaibandha, Invitation Reference No.: GHG/TENDER/ FY-2026-2027/GD-8, Tender ID: 1321079 শীর্ষক দরপত্র/প্রস্তাবের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-৭৩(১৪) মোতাবেক রিভিউ প্যানেলে দায়েরকৃত আপিল-এর সিদ্ধান্ত (আপীল আবেদন নং-১২৯/২০২৬)।**

উপরোল্লিখিত বিষয়ে, রিভিউ প্যানেল-০২ এর সিদ্ধান্তের অনুলিপি আপনার জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(প্রকৌ: শেখ নজরুল ইসলাম)
চেয়ারপারসন
রিভিউ প্যানেল-০২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. Superintendent, Gaibandha District Hospital, Gaibandha
৫. জনাব খন্দকার মোঃ শহিদুল ইসলাম, প্রাপ্রাইটর-মেসার্স লিমন লন্ড্রী, আধুনিক হাসপাতাল রোড, গাইবান্ধা এবং
৬. অফিস কপি

পুনর্বিবেচনার আবেদন নং-১২৯/২০২৬

বিষয়: 'দরপত্র মূল্যায়ন কমিটি' দরপত্র দলিলে উল্লিখিত নির্ণায়কের আলোকে দরপত্র মূল্যায়ন করতে ব্যর্থ হওয়ায় এবং দুর্নীতি বা চক্রান্তমূলক কার্যকালাপ সম্পর্কে সন্দেহ হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি-৭৩ (১৪) অনুযায়ী রিভিউ প্যানেলে আপীল দায়ের।

অভিযোগকারী/বাদী: জনাব খন্দকার শহিদুল ইসলাম, প্রোপাইটার, মেসার্স লিমন লন্ড্রী, আধুনিক হাসপাতাল রোড (ফকিরপাড়া), গাইবান্ধা।

বনাম

বিবাদী:

১) তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, গাইবান্ধা।

২) মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ভবন,মহাখালী, ঢাকা-১২১২।

৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০।

৫.০ আদেশ:

বাদী ও বিবাদী পক্ষের উপস্থাপিত বক্তব্য, দাখিলকৃত রেকর্ডপত্র এবং রিভিউ প্যানেলের পর্যবেক্ষণসমূহ পর্যালোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলো:

৫.১ মেসার্স লিমন লন্ড্রী কর্তৃক দায়েরকৃত আপিলটি খারিজ করা হলো;

৫.২ আলোচ্য ক্রয় কার্যক্রম বর্তমানে যে পর্যায়ে রয়েছে, প্রচলিত আইন, বিধি-বিধান ও প্রযোজ্য শর্তাবলি অনুসরণপূর্বক তা যথারীতি অব্যাহত থাকবে;

৫.৩ ভবিষ্যতে ক্রয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এবং মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর তাঁদের আওতাধীন ক্রয়কারী কর্তৃপক্ষসমূহকে এ মর্মে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারেন যে, PPR ২০২৫-এর তফসিল-২-এ বর্ণিত মূল্যসীমার আওতাভুক্ত ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও শর্তাবলি পরিপালন সাপেক্ষে তালিকাভুক্ত সেবাপ্রদানকারীদের নিকট থেকে সীমিত দরপত্র পদ্ধতি (Limited Tendering Method—LTM) অনুসরণ করে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে; এবং

৫.৪ বাদীপক্ষ কর্তৃক দাখিলকৃত নিরাপত্তা জামানত Bangladesh Public Procurement Authority (BPPA) ফেরত প্রদান করবে।

(আব্দুল হক)	(মোছাঃ লুৎফা বেগম)	(প্রকৌঃ শেখ নজরুল ইসলাম)
সদস্য	সদস্য	চেয়ারপারসন
রিভিউ প্যানেল-২	রিভিউ প্যানেল-২	রিভিউ প্যানেল-২